

**English to Bengali : Sample translated text\*****Source text - English**

The xxxx School District has taken a proactive position in protecting our students and staff as a part of our Safe School Plan. Monthly-scheduled school evacuation drills are practiced at every school level as required by state law. Evacuation drills may include a walk to a location close by so that all children are aware that an alternate location is available during an emergency situation. The xxxx Fire and Police Departments are working in collaboration with our schools in order to plan effectively for any possible emergency. In addition to these drills, the children are also practicing sheltering in-place in their classrooms. The safety and security of our students is of vital importance to all staff of the xxxx School District. We will continue to work on all emergency contingency plans throughout the school year.

**Translation - Bengali**

সেফ্‌ স্কুল প্ল্যান এর অঙ্গ হিসাবে xxxx স্কুল ডিস্ট্রিক্ট ছাত্রছাত্রী এবং শিক্ষক / শিক্ষিকাদের সুরক্ষিত রাখতে ভবিষ্যৎ সমস্যাগুলির কথা আন্দাজ করে একটি সক্রিয় ভূমিকা নিয়েছে। স্টেটের আইনের শর্ত অনুসারে প্রতিটি স্কুল পর্যায়ে মাসিক সময়সূচি অনুসারে স্কুল খালি করার অনুশীলন অভ্যাস করানো হচ্ছে। স্কুল খালি করার অনুশীলনের মধ্যে আছে কাছেই কোনও একটি স্থানে হেঁটে যাওয়া যাতে সব শিশুই এই বিষয়ে ওয়াকিবহাল থাকতে পারে যে জরুরি অবস্থায় যাওয়ার জন্য একটি বিকল্প স্থান আছে। সম্ভাব্য কোনও জরুরি পরিস্থিতির জন্য যাতে কার্যকরীভাবে পরিকল্পনা তৈরি করা যায় তার জন্য xxxx দমকল এবং পুলিশ বিভাগ আমাদের স্কুলগুলির সঙ্গে যৌথভাবে কাজ করছে। এই অনুশীলনগুলি ছাড়াও শিশুদের ক্লাসেই তাদের নিজের জায়গায় কীভাবে আশ্রয় নেওয়া যায় তা অভ্যাস করানো হচ্ছে। xxxx স্কুল ডিস্ট্রিক্টের সকল শিক্ষক-শিক্ষিকা এবং কর্মীদের কাছে আমাদের ছাত্রছাত্রীদের নিরাপত্তা এবং সুরক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সারা স্কুলবর্ষ ধরে জরুরি সব সম্ভাব্য ঘটনার জন্য তৈরি থাকার পরিকল্পনা নিয়ে আমরা কাজ করে চলব।

**Bengali to English : Sample translated text****Source text - Bengali**

এখানে এসে আমি এত এলিমেন্টস্‌ অফ পলিটিকস্‌ এবং প্রব্লেমস্‌ অফ দি ফুচার পড়ছি শুনে বোধহয় খুব আশ্চর্য ঠেকতে পারে। আসল কথা, ঠিক এখনকার উপযুক্ত কোনো কাব্য নভেল খুঁজে পাই নি। যেটা খুলে দেখি সেই ইংরেজি নাম, ইংরেজি সমাজ, লগুনের রাস্তা এবং ড্রয়িংরুম, এবং যতরকম হিজিবিজি সব হাঙ্গাম। বেশ সাদাসিদে সহজ, সুন্দর, উন্মুক্ত এবং অশ্রুবিন্দুর মতো উজ্জ্বল, কোমল, সুগোল, করুণ কিছই খুঁজে পাই নে। কেবল প্যাচের উপর প্যাচ, অ্যানালিসিসের উপর অ্যানালিসিস; কেবল মানবচরিত্রকে মুচড়ে নিংড়ে কুঁচকে-মুচকে, তাকে সজোরে পাক দিয়ে দিয়ে, তার থেকে নতুন নতুন থিয়োরি এবং নীতিজ্ঞান বের করবার চেষ্টা। সেগুলো পড়তে গেলে আমার এখনকার এই গ্রীষ্মশীর্ণ ছোটো নদীর শান্ত স্রোত, উদাস বাতাসের প্রবাহ, আকাশের অখণ্ড প্রসার, দুই কূলের অবিরল শান্তি এবং চারি দিকের নিস্তব্ধতাকে একেবারে মুলিয়ে দেবে। এখানে পড়বার উপযোগী রচনা প্রায় খুঁজে পাই নে, এক বৈষ্ণব কবিদের ছোটো ছোটো পদ ছাড়া।

**Translation - English**

“It may surprise you that since reaching here I am reading so much of the Elements of Politics and the Problems of the Future. The fact is I can't find a poem or a novel which suits my life here. When I open a book, I find English names, English society, the roads of London and the drawing rooms and a lot of nuisance and trouble. I can't find anything straightforward, anything simple and beautiful, anything as clean and pure as the drops of tears, something soft and round and sorrowful! I see only a tangled web of complexities, analysis following analysis. Only an attempt to wring and bend and crumple the human soul, to make it move round and round until some new theories or morals come out of it. If I make an attempt to read them, they would bring such a confusion to the peaceful current of my narrow stream in summer, to the flow of an indifferent wind and the uncurbed expanse of the sky, to the profuse silence on both banks of the river and to the impenetrable seclusion of all about me. It is almost impossible to find a piece of writing which I can read here except the small verse lines composed by the Vaishnava poets.”

\*Bengali text is in Unicode font